সাহিত্য ও সংস্কৃতি পরিষদ ব্যবস্থা নিন।
১৮/০৫/২০২৫

প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

**(এইক স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী

স্মারক নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৪.২১.৬৭

তারিখ: ২৭বৈশাখ ১৪৩২ বং
১০ মে ২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়ঃ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে বইপাঠ ও রচনা প্রতিযোগিতা।**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪৩২/ ২৫মে ২০২৫ খ্রি. "জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মবার্ষিকী" উদযাপন উপলক্ষে নিম্নোক্তভাবে বইপাঠ ও রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে (শুধুমাত্র রাজশাহী জেলার প্রতিযোগীদের জন্য প্রযোজ্য) আগ্রহী সকলকে নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে অংশগ্রহণের জন্য আহবান জানানো হলো।

**ক) বইপাঠ প্রতিযোগিতা:**

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১. | ক | পঞ্চম-অষ্টম | গণগ্রন্থাগারের নির্ধারিত বই | ২৪/০৫/২০২৫ খ্রি. সকাল ১০.০০ টা |
| ২. | খ | নবম-দ্বাদশ | | |
| ৩. | গ | স্নাতক-স্নাতকোত্তর/সর্বসাধারণ | | |

**খ) রচনা প্রতিযোগিতা:**

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | প্রতিযোগিতার বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১. | ক | পঞ্চম-অষ্টম | ছোটদের কবি নজরুল | ২৪/০৫/২০২৫ খ্রি. বেলা ১২.০০-০১.০০টা |
| ২. | খ | নবম-দ্বাদশ | নজরুলের বিপ্লবী চেতনা | |
| ৩. | গ | স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ | বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে নজরুলের সাহিত্যকর্ম | |

**গ) পুস্তক প্রদর্শনী:**

| ক্রমিক | বিষয় | তারিখ ও স্থান |
|---|---|---|
| ১. | পুস্তক প্রদর্শনী | ২৪/০৫/২০২৫ থেকে ২৬/০৫/২০২৫ তারিখ পর্যন্ত বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী |

**প্রতিযোগিতার স্থান: বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।**

**প্রতিযোগিতায় অংশগ্রহণের শর্তাবলী:**

১. নির্ধারিত সময়ে গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে বইপাঠ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
২. বইপাঠ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় কাগজ বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী থেকে সরবরাহ করা হবে।
৩. প্রতিযোগিতায় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। শিক্ষার্থীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে এনে জমা দিতে হবে।
৪. প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৩-২১৭৭৭৬,০১৭২৪-৫৯৫৩৭৭ ও ০১৭০৭-০০৫৬৯৮ নম্বরে অফিস চলাকালীন (শনি-বুধ সকাল ৯টা-সন্ধ্যা ৭টা) যোগাযোগ করা যাবে।

মো: রোকনুজ্জামান
সহকারী পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
টেলিফোন: ০২৫৮৮৮৫৭৬৩৪
rajshahidpl@gmail.com

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৩. প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক..........
............ রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজ ............, রাজশাহী।

